জনকণ্ঠ

তারিখ ... NOV. 08.2006 ...
পৃষ্ঠা ১ কলাম ...

# ঢাবির উপাচার্যের বাসভবন থেকে বোমা উদ্ধার

*বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বাসভবন থেকে মঙ্গলবার একটি বোমা উদ্ধার করা হয়েছে। এ ছাড়া সোমবার রাতে বিশ্ববিদ্যালয়ের এসএম হল ও ফজলুল হক হলে চারটি বোমা বিস্ফোরিত হয়। তত্ত্বাবধায়ক সরকার দায়িত্ব নেয়ার সময় থেকেই বোমা উদ্ধার ও বিস্ফোরণ ঢাকা বিশ্ববিদ্যালয়ে এখন সাধারণ ঘটনা।*

(১১- পৃষ্ঠা ৪-এর কঃ দেখুন)

## ঢাবির উপাচার্যের

(প্রথম পাতার পর)

পরিণত
হয়েছে। গত কিছুদিনে বিশ্ববিদ্যালয় থেকে এ নিয়ে ১
বোমা উদ্ধার করা হয়েছে। পাশাপাশি এ সময় ২০ টি বো
বিস্ফোরণের ঘটনা ঘটেছে।

শনিবার বেলা ১১টায় উপাচার্যের বাস ভবনের মালি বাগা
একটি বোমা পড়ে থাকতে দেখে। সঙ্গে সঙ্গে বিষয়
পুলিশকে জানানো হয়। পুলিশ এসে বোমাটি উদ্ধার ক
নিয়ে যায়। উপাচার্যের বাসায় বোমা পাওয়ার ঘটনা
শিক্ষকরা বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা নিয়ে আবার প্র
তুলেছেন। কিছু দিন আগেই বাসায় ঢুকে সন্ত্রাসীরা জাতী
বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক আফতা
আহমাদকে গুলি করে হত্যা করে।

সোমবার রাতে বিশ্ববিদ্যালয়ের এসএম হলে বিকট শ
পরপর দুটি বোমার বিস্ফোরণ ঘটে। এ সময় আশপা
এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। একই সময় ফজলুল হ
হলেও দুটি বোমা বিস্ফোরিত হয়। এ নিয়ে ফজলুল হ
হলেই গত কয়েকদিনে পাঁচটি বোমা বিস্ফোরিত হলে
ঈদের ছুটির পর বিশ্ববিদ্যালয় না খুলায় সাধারণ শিক্ষার্থী
এখনও হলে ফিরে আসেনি। অন্যদিকে ছাত্রদ
ক্যাডারদের ভয়ে ছাত্রলীগ নেতাকর্মীরাও হলে আসা
করে দিয়েছে। তত্ত্বাবধায়ক সরকার দায়িত্ব নেয়ার আ
থেকেই ছাত্রলীগের শীর্ষ নেতারা ক্যাম্পাসে আসা বন্ধ ক